



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৮

১৩ নভেম্বর ২০২৪

তারিখ: -----

২৮ কার্তিক ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

সার আমদানির ক্ষেত্রে ঋণপত্র স্থাপন এবং নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১ তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১/২০২৪ এর নির্দেশনা মোতাবেক উক্ত সার্কুলারে উল্লিখিত কতিপয় পণ্য ব্যতীত অন্যান্য সকল পণ্যের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নগদ মার্জিন সংরক্ষণের সুযোগ রয়েছে।
- ৩। এক্ষেত্রে, কৃষি উৎপাদনের ক্ষেত্রে সারের গুরুত্ব বিবেচনায় সারের মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ প্রয়োজনীয় সরবরাহ নিশ্চিতকল্পে সার আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিনের হার ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ন্যূনতম পর্যায়ে রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ৪। এতদ্ব্যতীত, সার আমদানি ঋণপত্র স্থাপনে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হলো।
- ৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- ৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২